জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং- ০৭(১৫২৫) জাতীঃবিঃ/কঃপঃ/ ৫৫২০৯ তারিখ ঃ ২৫.০৮.২০২২

প্রজ্ঞাপন

অধ্যক্ষ
অধিভুক্ত বেসরকারি কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ
জাতীয় বিশ্ববিদ্যালয়

বিষয় ঃ গভর্নিং বডির নির্বাচন পদ্ধতি প্রসঙ্গে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের গভর্নিং বডি (সংশোধিত) সংবিধি ২০১৯-এর ধারা ২৭-অনুযায়ী গভর্নিং বডির মেয়াদ শেষ হবার ০৩ (তিন) মাস পূর্বে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠিত হইবে। উক্ত কমিশন হবে নিম্নরূপঃ-

১. জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনিত গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য।
২. গভর্নিং বডি কর্তৃক মনোনিত এমন একজন শিক্ষক যিনি নির্বাচনে অংশগ্রহণ করিবেন না।
৩. অধ্যক্ষ যিনি রিটার্নিং অফিসার হিসাবে দায়িত্ব পালন করিবেন।

গভর্নিং বডি গঠনের লক্ষ্যে উল্লেখিত বিধি মোতাবেক নির্বাচন কমিশন গঠন করে নির্বাচনী তফসিল, বিভিন্ন ক্যাটাগরির নির্বাচনী ফলাফল এবং মনোনয়ন পত্রে উক্ত কমিশনের সকল সদস্যদের স্বাক্ষর সম্বলিত (নাম ও পদবী উল্লেখপূর্বক) কাগজপত্রাদিসহ আবেদন করার জন্য অনুরোধ করা হলো। বর্ণিত নিয়মানুসারে গভর্নিং বডি গঠনের কার্যক্রম সম্পন্ন করা না হলে, গভর্নিং বডি গঠনের আবেদন বিবেচনা করা হবে না।

বিষয়টি জরুরী বিধায় পুনরায় অবহিত করা হলো।

25.8.22
ফাহিমা সুলতানা
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইলঃ ০১৭১১-৫৬৩৪০০

স্মারক নং- ০৭(১৫২৫) জাতীঃবিঃ/কঃপঃ/ ৫৫২০৯ তারিখ ঃ ২৫.০৮.২০২২

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (পত্রটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ প্রকাশ ও অধিভুক্ত সংশ্লিষ্ট সকল বেসরকারি কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানে গ্রুপ মেইলের মাধ্যমে প্রেরণের অনুরোধসহ)
২। অফিস কপি।

25.8.22
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়

C:\Users\USER\Desktop\Gen-Let.doc

CamScanner